অধ্যায় ১৭

# শুদ্ধ বানান শিক্ষা

## শুদ্ধ বানান শিক্ষার নিয়ম

কোনো ভাষাকে ভালোভাবে শিখতে ও লিখতে হলে প্রথমেই শুদ্ধ ও নির্ভুলভাবে বানান শেখার দিকে নজর দেওয়া প্রয়োজন।

সঠিক বানান লিখতে হলে কয়েকটি বিষয়ে নজর দেওয়া উচিত —

১. শব্দগুলি ঠিকমতো উচ্চারণ করার জন্য যত্ন নিতে হবে।
২. বাংলা ভাষায় অ-কার, আ-কার, ই ও ঈ এবং উ ও ঊ-এর দিকে ভালোভাবে নজর দিতে হবে।
৩. ন ও ণ এবং শ, ষ ও স —এই বর্ণগুলির ব্যাবহারিক প্রয়োগ জানতে হবে।
৪. সন্ধির নিয়ম ঠিকমতো জানতে হবে।

### বহু ব্যবহৃত শব্দের অশুদ্ধ ও শুদ্ধ রূপের নমুনা

#### অ-কার ও আ-কারের অশুদ্ধি

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| অতিত | অতীত | ব্যায় | ব্যয় | ব্যাবহার | ব্যবহার |
| অতিথী | অতিথি | ব্যাবস্থা | ব্যবস্থা | ব্যবসা | ব্যাবসা |
| অত্যাধিক | অত্যধিক | দুরাদৃষ্ট | দূরদৃষ্ট | ব্যপার | ব্যাপার |
| ব্যাক্তি | ব্যক্তি | অধ্যাবসায় | অধ্যবসায় | অত্যান্ত | অত্যন্ত |
| ব্যাকারণ | ব্যাকরণ | দুরাবস্থা | দুরবস্থা | অনুমত্যানুসারে | অনুমত্যনুসারে |

#### ই-কার ও ঈ-কারের অশুদ্ধি

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| পৃথিবি | পৃথিবী | প্রাচিন | প্রাচীন | জীবনি | জীবনী |
| কালীদাস | কালিদাস | জাতী | জাতি | পরিক্ষা | পরীক্ষা |
| পিপিলিকা | পিপীলিকা | বাল্মিকী | বাল্মীকি | দ্বিতিয় | দ্বিতীয় |
| আশির্বাদ | আশীর্বাদ | দারিদ্র | দারিদ্র্য | শারিরিক | শারীরিক |



Scanned by CamScanner

## উ-কার ও ঊ-কারের অশুদ্ধি

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| মুল্য | মূল্য | ভূল | ভুল | মুহুর্ত | মুহূর্ত |
| পূণ্য | পুণ্য | মধুসুদন | মধুসূদন | দূর্গা | দুর্গা |

## ও-কারের ভুল

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| আলচ্য | আলোচ্য | কথপকথন | কথোপকথন | পুরহিত | পুরোহিত |
| পরপোকার | পরোপকার | মনরঞ্জন | মনোরঞ্জন | ভৌগলিক | ভৌগোলিক |

## ণ ও ন-এর ভুল

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| পূন্য | পুণ্য | কল্যান | কল্যাণ | বনিক | বণিক |
| প্রান | প্রাণ | নগন্য | নগণ্য | শোনিত | শোণিত |
| প্রনাম | প্রণাম | উদাহরন | উদাহরণ | বিশেষন | বিশেষণ |
| নবারুন | নবারুণ | রামায়ন | রামায়ণ | রসায়ণ | রসায়ন |

## শ, ষ এবং স-এর ভুল

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| শষ্য | শস্য | পুস্প | পুষ্প | সুরু | শুরু |
| আসীর্বাদ | আশীর্বাদ | শান্ত্বনা | সান্ত্বনা | তিরষ্কার | তিরস্কার |
| আভাশ | আভাস | সৌখিন | শৌখিন | পুরষ্কার | পুরস্কার |
| প্রসংসা | প্রশংসা | বৃহষ্পতি | বৃহস্পতি | পরিস্কার | পরিষ্কার |
| অভিলাস | অভিলাষ | আশুতোশ | আশুতোষ | কল্যাণীয়েসু | কল্যাণীয়েষু |

## ব-ফলার অশুদ্ধি

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| সচ্ছ | স্বচ্ছ | জর | জ্বর | সভাব | স্বভাব |
| সাধীন | স্বাধীন | ধংস | ধ্বংস | স্বরসতী | সরস্বতী |
| সান্তনা | সান্ত্বনা | উচ্ছাস | উচ্ছ্বাস | সাস্থ্য | স্বাস্থ্য |

Scanned by CamScanner

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| উজ্জল | উজ্জ্বল | মহত্ব | মহত্ত্ব | স্বার্থক | সার্থক |

Scanned by CamScanner